বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ভূমি মন্ত্রণালয়
আইন অধিশাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর-৩১.০০.০০০০.০৪২.৬৮.০১১.২০- ৫৫১ | তারিখ: ১৭ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয়: ই-নামজারি, জমাভাগ ও জমাএকত্রীকরণ বাবদ ফি অনলাইনে প্রদান সংক্রান্ত।**

**সূত্র: ভূমি মন্ত্রণালয়ের আইন শাখা-০১ থেকে ৩০ জুন ২০১৫ তারিখে জারিকৃত পরিপত্র নং-৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮-৫৯৮।**

ভূমি মন্ত্রণালয়ের ৩০/০৬/২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.০৮.৫৯৮ নম্বর পরিপত্রের অনুবৃত্তিক্রমে নাগরিকগণ কর্তৃক ই-নামজারি, জমাভাগ ও জমাএকত্রীকরণ বাবদ ফি সম্পূর্ণভাবে অনলাইনে প্রদান করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) আবেদনকারী ই-নামজারি আবেদনের সময় আবশ্যিকভাবে প্রথমেই কোর্ট ফি বাবদ ২০/- (বিশ) টাকা এবং নোটিশ জারি ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা মোট ৭০/- (সত্তর) টাকা অনলাইনে জমা প্রদান করবেন;

(খ) নামজারি অনুমোদনের পর রেকর্ড সংশোধন বা হালনাগাদ ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা এবং প্রতি কপি নামজারি খতিয়ান সরবরাহ বাবদ ১০০/- (একশত) টাকা মোট ১,১০০/- (এক হাজার একশত) টাকা আবেদনকারী অনলাইনে জমা প্রদান করবেন; এবং

(গ) উক্ত ১,১০০/- (এক হাজার একশত) টাকা পরিশোধ করে আবেদনকারী কিউআর কোডযুক্ত (Quick Response Code) অনলাইন ডিসিআর (Duplicate Carbon Receipt) সংগ্রহ করতে পারবেন। এ ডিসিআর ম্যানুয়াল পদ্ধতিতে প্রদত্ত বা বিজি প্রেস হতে ছাপানো ডিসিআর-এর সমপর্যায়ের এবং আইনগতভাবে বৈধ ও সর্বক্ষেত্রে গ্রহণযোগ্য ও ব্যবহারযোগ্য হবে।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ
সচিব
ভূমি মন্ত্রণালয়

নম্বর-৩১.০০.০০০০.০৪২.৬৮.০১১.২০- ৫৫১/১ (৩০০) | তারিখ: ১৭ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ / ০২ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট নং-ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব ........................................................মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।

০৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৬। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৭। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ।
০৮। অতিরিক্ত সচিব (আইন/উন্নয়ন/প্রশাসন/মাঠ প্রশাসন/অধিগ্রহণ), ভূমি মন্ত্রণালয়।
০৯। পরিচালক (যুগ্মসচিব), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
১০। জেলা প্রশাসক, ...................................... (সকল)।
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। উপ-নিয়ন্ত্রক, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী/বিশেষ সংখ্যায় দ্রুত প্রকাশের অনুরোধসহ)।
১৪। পরিচালক (ওএসএস), বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট নং-ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা (প্রয়োজনীয় ইন্টিগ্রেশনের অনুরোধসহ)।
১৫। উপজেলা নির্বাহী অফিসার, ...................................... (সকল)।
১৬। সহকারী কমিশনার (ভূমি), ...................................... (সকল)।
১৭। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, গুলশান, ঢাকা (অনলাইন পেমেন্ট সিস্টেমটি আন্তঃ সংযোগ স্থাপনের অনুরোধসহ)।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, কাওরান বাজার, ঢাকা (ই-নামজারি সিস্টেমে আন্তঃ সংযোগ স্থাপনের অনুরোধসহ)।
২০। অফিস কপি/মাষ্টার কপি।

02/01/2022

(মোঃ মাহমুদ হাসান)
যুগ্মসচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন: +৮৮০২৯৫৪০১১৫
ইমেইল: law1@minland.gov.bd